



২৯ অক্টোবর, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

কিশোরী আজিজা খাতুনকে পুড়িয়ে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ ও সংশ্লিষ্ট ঘটনার সুষ্ঠু তদন্তসহ দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জোরালো দাবী জানাচ্ছে ব্লাস্ট।

নরসিংদীর কিশোরী আজিজা খাতুন কে (১৩) পুড়িয়ে হত্যার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে ও তীব্র নিন্দা জানাচ্ছে। সংস্থাটি এ ঘটনায় জড়িত দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে।

২৮ অক্টোবর, শনিবার সকালে চিকিৎসাধীন অবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালের দক্ষ অবস্থাতে তার মৃত্যু হয়।

সংবাদ মাধ্যম হতে জানা যায়, নরসিংদীর শিবপুর উপজেলার খৈনকুট গ্রামের আবদুস সাত্তারের কন্যা স্কুলছাত্রী আজিজা খাতুন (১৩)। সে স্থানীয় খৈনকুট সরকারি প্রাইমারি স্কুলের ৫ম শ্রেণিতে পড়তো। বাবা সাত্তার স্থানীয় একটি মুরগীর খামারে চাকরি করেন। মোবাইল চুরির অপবাদ দিয়ে আজিজার শরীরে কেরোসিন ঢেলে আগুন দিয়ে পুড়িয়ে হত্যা করা হয়েছে। নিহতের স্বজন ও পরিবারের অভিযোগ, মোবাইল চুরির অভিযোগে মেয়েটিকে বাড়ি থেকে ধরে নিয়ে প্রথমে নির্যাতন ও পরে গায়ে আগুন ধরিয়ে দেয়া হয়।

নিহত আজিজার ভাই সূজন ও মা রেহেনা বেগম জানান, শুক্রবার দুপুরে বাড়ির পার্শ্ববর্তী স্থানে গাছের পাতা কুড়ানোর সময় স্কুলছাত্রী আজিজার চাচি বিউটি বেগম ও তার ভাই বুবেল মিয়া একটি সিএনজি দিয়ে তাকে তুলে নিয়ে যায়। পরে তার ওপর নির্যাতন চালানো হয়। পরে রাত সাড়ে ৮টার বাড়ির অদূরে একটি উচ্চ টিলায় নিয়ে তার শরীরে কেরোসিন ঢেলে দেয় এবং শরীরে আগুন ধরিয়ে দেয়া হয়।

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এই ঘটনার সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের নির্যাতনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে জনমত গঠনসহ প্রশাসনের কাছে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ব্লাস্ট জোর দাবী করছে।

বার্তা প্রেরক:

মো: সাদিকুর রহমান

কমিউনিকেশন্স স্পেশালিস্ট, ব্লাস্ট

মোবাইল নং: ০১৮২৭১০০৪১১

ই-মেইল: sadik@blast.org.bd